

ওগো, তোমরা সবাই ভালো—
 যার অদৃষ্টে যেমনি জুটেছে, সেই আমাদের ভালো—
 আমাদের এই আঁধার ঘরে সন্ধ্যাপ্রদীপ জ্বালো ॥
 কেউ বা অতি জ্বলো-জ্বলো, কেউ বা ম্লান' ছলো-ছলো,
 কেউ বা কিছু দহন করে, কেউ বা স্নিগ্ধ আলো ॥
 নূতন প্রেমে নূতন বধু আগাগোড়া কেবল মধু,
 পুরাতনে অম্ল-মধুর একটুকু ঝাঁঝালো ।
 বাক্য যখন বিদায় করে চক্ষু এসে পায়ে ধরে,
 রাগের সঙ্গে অনুরাগে সমান ভাগে ঢালো ॥
 আমরা তৃষ্ণা, তোমরা সুধা— তোমরা তৃপ্তি, আমরা ক্ষুধা—
 তোমার কথা বলতে কবির কথা ফুরালো ।
 যে মূর্তি নয়নে জাগে সবই আমার ভালো লাগে—
 কেউ বা দিব্যি গৌরবরন, কেউ বা দিব্যি কালো ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Style: Baul
 Visit www.geetabitan.com for notation and other detail